বেভারিজ নিউজ-বাংলাদেশ

জানুয়ারি-মার্চ’ ২০১৩- সংখ্যা নং-১৫

Beveridge News-Bangladesh

January – March’ 2013- No-15

ফাউন্ডেশান কর্তৃক বাংলাদেশে ‘ডিমেনশিয়া’ সচেতনতা প্রকল্প প্রবর্তন

‘স্যার উইলিয়াম বেভারিজ ফাউন্ডেশান বাংলাদেশ’ “*Dementia Awareness Campaign in Bangladesh*” নামক একটি তিন বছর মেয়াদী প্রকল্প হাতে নিয়েছে। এই প্রকল্পের মূল লক্ষ্য ও উদ্দেশ্য হলো চিকিৎসক,স্বাস্থ্য পেশাজীবী, সমাজকর্মী ও আইন প্রণেতা, সাধারণ মানুষের মাঝে ডিমেনশিয়া বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা ও এর ভয়াভয়তা তুলে ধরা। পৃথিবীর উন্নত দেশগুলোতে ডিমেনশিয়া একটি বড় সমস্যা বলে চিহ্নিত। ডিমেনশিয়া আক্রান্ত ব্যক্তির সংখ্যা ক্রমেই বেড়ে চলেছে। বর্তমানে বিশ্বের প্রায় তিন কোটি ৬০ লক্ষ ব্যক্তি এই রোগে আক্রান্ত। প্রতি ২০ বছরে এই সংখ্যা দ্বিগুন হবে বলে আশংকা করা যাচ্ছে।

বাংলাদেশের মানুষের গড় আয়ু বৃদ্ধি ও জীবন যাত্রার মান উন্নত হওয়ার প্রেক্ষিতে সমাজে বয়স্ক মানুষের সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। ডিমেনশিয়ার বিষয়ে সাধারণ মানুষ যথেষ্ঠ সচেতন নন। আমাদের দেশে বর্তমানে শুধুমাত্র নিউরোলজিস্ট, সাইকিয়াট্রিস্ট ও মেডিসিন বিশেষজ্ঞ চিকিৎসকগণ মূলতঃ এই রোগের সঙ্গে সংশ্লিষ্ট। কিন্তু সচেতনতার অভাবে ডিমেনশিয়া আক্রান্ত ব্যক্তিগণ তাদের কাছে আসেন না।

এভাবে চলতে থাকলে বাংলাদেশ নিকট ভবিষ্যতে একটি বড় সমস্যার সম্মুখীন হবে এবং ডিমেনশিয়া একটি বড় সামাজিক সমস্যা হয়ে দাঁড়াবে। তাই এখনই সময় এই বিষয়ে জনসচেতনতা তৈরি করা। চিকিৎসা পেশাজিবী, সমাজকর্মী, পরিবারের সদস্য এবং সর্বোপরি সাধারণ জনগণের মাঝে জরুরী ভিত্তিতে জনসচেতনতা তৈরির লক্ষ্যে ‘স্যার উইলিয়াম বেভারিজ ফাউন্ডেশান’ এই প্রকল্প হাতে নিয়েছে। ১ মার্চ ২০১৩ থেকে ডিমেনশিয়া ক্যাম্পেইন শুরু হয়েছে, এই ক্যাম্পেইন সফল ও স্বার্থক করার লক্ষ্যে মেডিক্যাল ডাইরেক্টার হিসেবে ডিমেনশিয়া টিমে নেতৃত্ব প্রদানে ফাউন্ডেশানের সঙ্গে সম্পৃক্ত হয়েছেন লেঃ কর্নেল. (অবঃ) ডাঃ এ এন এম শহীদুল আলম।

HOB seen with a patient with Dementia

Lieutenant Colonel (Dr) A N M Shahidul Alam

SWBF Team in Perth . WA. The Foundation launches Dementia Awareness Campaign in Bangladesh

Sir William Beveridge Foundation has launched a 3-year long project titled: *Dementia Awareness Campaign in Bangladesh*. The main objective is to make the health professionals, clinicians, community workers and the general public aware on the disease ‘Dementia’ and its severe impact on the individual, the family and the society at large. Current estimates suggest there are over 36 million people suffering Dementia in the world and this number is going to double every 20 years. With rise in life expectancy and quality of life in Bangladesh, Dementia is going to present itself as a big heath and social care issue soon. Lieutenant Colonel A N M Shahidul Alam an ex-Army Medical Corps officer has joined the Foundation as Medical Director to steer this project.

বেভারিজ ফাউন্ডেশানের বোর্ড অব ট্রাস্টির সদস্য ডেভিড জে. হিউজেস এর বাংলাদেশ অফিস ভিজিট

ডেভিড জে. হিউজেস ‘বেভারিজ ফাউন্ডেশান’-এর ট্রাস্টি বোর্ডের সদস্য। গত ২৪ জানুয়ারি ২০১৩ তিনি ঢাকায় আসেন। চাটার্ড আর্কিটেক্ট ও ডিজাউনার ডেভিড হিউজেস মূলত ডিমেনশিয়া কেয়ার হোমের ডিজাইন করে থাকেন । ইংল্যান্ড ও অস্ট্রেলিয়ায় তার ডিজাইন করা অনেক কেয়ার হোম সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। আট দিনের এই সফরে ডেভিড বাংলাদেশে ফাউন্ডেশানের বিভিন্ন প্রকল্প ঘুরে দেখেন। এছাড়াও তিনি কাপাসিয়ায় প্রস্তাবিত কেয়ার হোমের সাইটটিও পরিদর্শন করেন। তিনি ফাউন্ডেশনের বাংলাদেশ প্রধান (এইচওবি) মেজর জেনারেল জীবন কানাই দাস (অব:) এর সাথে ফাউন্ডেশানের অনেক গুরুত্বপূর্ণ দিক নিয়ে বিশদ আলোচনা করেন। পরিদর্শনকালে অর্জিত অভিজ্ঞতা সিসিএ-দের মাঝে ব্যক্ত করতে গিয়ে তিনি তাদের দক্ষতা, কর্মনিষ্ঠা এবং ঐকান্তিকতার ভুয়সী প্রশংসা করেন।

মি. হিউজেস এবং মি. দাশ ডিমেনশিয়া আক্রান্ত ও পুরাতন ঢাকায় কিছু শয্যাশায়ী ক্লায়েন্ট ভিজিট করেন। তারা পরিবারের কাছে ডিমেনশিয়া আক্রান্ত ব্যক্তির আচরণ সম্পর্কে আলোচনা করেন।

Devid with HOB visiting Clients

HOB handing over a memento to Devid

Devid seen with Core & Care Staff

David J Hughes - a chartered architect and a designer for aged care homes paid a 8 day long visit to Bangladesh starting on 24 January 2013. During his visit he paid visits to residences of our homecare service users, proposed care home site at Gazipur district and the school for under privileged children. He had had extensive discussion on different projects of the Foundation with the Head of Operations-Bangladesh. He was very moved by the dedicated services rendered by the Foundation’s Community Care Assistants. He also shared his observations and experiences with them. David is a member of the Board of Trustees of the Foundation in the UK.

লন্ডনের East End Life পত্রিকার সিনিয়র সাংবাদিক নজরুল ইসলাম বাশোন-এর ফাউন্ডেশানের হেড অফিস ভিজিট

Chair: Professor Alan Lee Williams OBE, Executive Director: Rahman Jilani MPA, MA, DSW. Registered charity: 1116923, Bangladesh NGO Bureau Reg. no 2262

বিশিষ্ট সমাজসেবী, **East End Life** পত্রিকার সিনিয়র সাংবাদিক এবং **Communications Advisor, Tower Hamlets Council,** নজরুল ইসলাম বাশোন ফেব্রুয়ারি ২০১৩ ফাউন্ডেশানের বাংলাদেশ অফিস ভিজিট করেন। তিনি হোম কেয়ার সার্ভিস ভিজিট করে ক্লায়েন্টদের সম্পর্কে জানতে চান।

Mr. Nazrul Islam Bashon- a social worker, Senior Journalist of the newspaper the East End Life and Communications Advisor, Tower Hamlets paid a brief visit to the Foundation on February 2013.

ফিজিওথেরাপিস্ট Dr. Philomena Commons, Jill Fisher and Helen Shearer কর্তৃক ফাউন্ডেশান পরিদর্শন

বাংলাদেশের একটি বেসরকারি সুপ্রতিষ্ঠিত ফিজিওথেরাপি পূর্নবাসন সংস্থা সিআরপি। গত ৪,৬,৭ ফেব্রুয়ারী ২০১৩ তারিখ ড. ফিল কমনস এর নের্তৃত্বে লন্ডন থেকে আগত একটি দল ফাউন্ডেশানের হেড অফিস কতিপয় ‘হোম কেয়ার সার্ভিস’ ভিজিট করেন। তারা বেভারিজ নার্সদেরকে ফিজিওথেরাপির আবশ্যকীয়তা ব্যাপারে মতামত প্রকাশ করেন, সিসিএ- দের ফিজিওথেরাপিতে দক্ষ করে তোলার আশা ব্যক্ত করেন।

Physiotherapists Dr. Phil Commons, Jill Fisher and Helen Shearer working with the Centre for Rehabilitation of the Paralysed paid visit to our Homecare Services and much appreciated it. They also indicated their willingness to work with the Foundation in Bangladesh.

Chair: Professor Alan Lee Williams OBE, Executive Director: Rahman Jilani MPA, MA, DSW. Registered charity: 1116923, Bangladesh NGO Bureau Reg. no 2262

বড়দিন উদ্‌যাপন

বেভারিজ ফাউন্ডেশান সকল ধর্মের সম্প্রীতি ও সহমর্মীতায় বিশ্বাসী। সেই আলোকে গত ২ জানুয়ারি ২০১৩ তারিখে হেড অব অপারেশন মেজর জেনারেল জীবন কানাই দাস (অব)-এর উপস্থিতিতে সকল কোর এবং কেয়ার স্টাফদের আনন্দময় অংশগ্রহনে কেক কেটে বড় দিন উদ্‌যাপন করেন। হেড অব অপারেশন খ্রীষ্ট ধর্মাবলম্বী সকল কোর, কেয়ার ষ্টাফ ও তাদের পরিবার - বেভারিজ ক্লায়েন্টদের শুভেচ্ছা জানান। অনুষ্ঠানটি পরিচালনা করেন কেয়ার সুপারভাইজার মি. সুখরঞ্জন বাড়ৈ। এ সময় তিনি সকলের হয়ে ঈশ্বরের নিকট সকল সৃষ্ঠির শান্তি কামনা করেন এবং বিশেষ করে ঈশ্বরকে ধন্যবাদ দেন- ফাউন্ডেশানের সকল কার্যক্রম সুষ্ঠ ও সুন্দর ভাবে পরিচালনা হওয়ার জন্য। তিনি আরো শান্তি কামনা করেন এক্সিকিউটিভ ডাইরেক্টর-এর বৃদ্ধ -মায়ের আরোগ্য লাভ করার জন্য। এই অনুষ্ঠানে সিসিএ পনূয়েলের কণ্ঠে “ছেলে আমার মস্ত বড় মস্ত অফিসার” গানটি সবাইকে আবেগ আপ্লুত করে।

X’mas observed by the Foundation

The Foundation observed Christmas in a befitting manner. The HOB and all staff were present. On behalf of the Executive Director and all staff of the Foundation, he conveyed his greetings and best wishes to all the staff members of the Christian Community. Care Supervisor Sukharanjan Baroi conducted prayer seeking divine blessings for all staff, families and the Foundation.

বাৎসরিক পিকনিকে ফাউন্ডেশানের সকল স্টাফদের স্বতস্ফূর্ত অংশগ্রহণ

ফাউন্ডেশান এর পক্ষ থেকে প্রতি বছরের ন্যায় এবারও বিগত ২৬ জানুয়ারি ২০১৩ তারিখে ‘বাৎসরিক পিকনিক‘ এর আয়োজন করা হয়। গাজীপুরের কাপাসিয়ায় প্রতিষ্ঠানের নির্মাণাধীন ‘কেয়ার হোম প্রকল্পে’ ফাউন্ডেশনের এইচওবি’র নেতৃত্বে সকল কোর এবং কেয়ার স্টাফদের পরিবার সহ স্বতস্ফূর্ত অংশগ্রহণে পিকনিক উদ্‌যাপিত হয়। পিকনিকে আরও উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের হেড অফিস থেকে আগত বোর্ড অব ট্রাস্টি ডেভিড জে.হিউজেস।

SWBF staff go on a Picnic

Chair: Professor Alan Lee Williams OBE, Executive Director: Rahman Jilani MPA, MA, DSW. Registered charity: 1116923, Bangladesh NGO Bureau Reg. no 2262

SWBF staff go on a Picnic

The Foundation organized “Annual Picnic 2013 on January 26 at the proposed care home site in Kapasia Gazipur. The Foundation staff was joined by the family members. David Hughes and also joined the event and enjoyed the fun-filled day.

সিসিএ ব্রাইটসানের বিবাহ উত্তর সংবর্ধনা

বেভারিজ ফাউন্ডেশানের একনিষ্ঠ কর্মী সিসিএ ব্রাইটসান দিব্রা ও তার স্ত্রী সাহিতাকে বিবাহ পরবর্তী সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। কোর এবং কেয়ার স্টাফ তাদের বিবাহ জীবনের সুখ ও শান্তি কামনা করেন। ফাউন্ডেশানের পক্ষ থেকে হেড অব অপারেশন মেজর জেনারেল জীবন কানাই দাস (অব:) নব দম্পতিকে সৌজন্য উপহার প্রদান করেন।

Post Marriage Reception hosted for CCA Brightson

The HOB and all staff of Sir William Beveridge Foundation got together to host a reception to CCA Brightson Dibra and his bride Shahita. Some gifts were also handed over.

ইংলিশ স্পিকিং ইউনিয়ন বাংলাদেশ কর্তৃক International Public Speaking Competition ২০১৩ আয়োজন

International Public Speaking Union- আয়োজনে গত ৯ মার্চ ২০১৩ তারিখে **American International University of Bangladesh** -এর অডিটরিয়াম ভবনে প্রতিযোগিতার আয়োজন করা হয়। প্রতিযোগিতায় বাংলাদেশের ১২ টি ক্যাডেট কলেজ ও ঢাকার বিভিন্ন বিশ্ববিদ্যালয় থেকে ছাত্র ছাত্রীরা অংশগ্রহন করেন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন **American International University of Bangladesh-** এর **Vice Chancellor Dr.Carmen Zita Lamagna,** এছাড়া ও উপস্থিত ছিলেন ইংলিশ স্পিকিং ইউনিয়ন-এর চেয়ারম্যান আসিফ-এ চৌধুরী।

Participants of IPSC are seen with the Chief Guest and Chairman ESU Bangladesh.

The English-Speaking Union of Bangladesh organised the national level competition of the International Public Speaking Competition 2013. It was held in the auditorium of American International University – Bangladesh (AIUB). Participants came from 12 cadet colleges and universities / institutes in Dhaka city. Dr. Carmen Zita Lamagna, the Vice-Chancellor of AIUB was the Chief Guest on the occasion and distributed the prizes and certificates. She is seen with the finalists. Also present were Mr. Asif A. Chowdhury and Jiban Kanai Das - the Chairman and Secretary General respectively of ESU Bangladesh.

আমরা শোকাভিভূত!

গত ২৪ মার্চ ২০১৩ স্যার উইলিয়াম বেভারিজ ফাউন্ডেশানের এর প্রতিষ্ঠাতা এবংএক্সিকিউটিভ ডাইরেক্টর জনাব রেজাউর রহমান জিলানীর মাতা সৈয়দা রোকেয়া রহমান এর মৃত্যুতে ফাউন্ডেশান বাংলাদেশ অফিসে শোক প্রকাশ করা হয়, এবং মিলাদের আয়োজন করা হয়। এ সময় মিলাদে উপস্থিত থাকেন ফাউন্ডেশানের বাংলাদেশ প্রধান মেজর জেনারেল জীবন কানাই দাস (অব:) সহ সকল কোর স্টাফ, কেয়ার স্টাফ এবং বিশিষ্ট ব্যক্তিবর্গ। মিলাদে আরো দোয়া করা হয় এডভোকেট সৈয়দ মিজানুর রহমান সাহেবের আম্মা সৈয়দা হুমায়রা খাতুন এবং সদ্য প্রয়াত মহামান্য রাষ্ট্রপতি মোহাম্মদ জিল্লুর রহমান সাহেবের, উপস্থিত সকলে তাদের বিদেহী আত্মার শান্তি কামনা করে সৃষ্টিকর্তার নিকট প্রার্থনা করেন।

We deeply Mourn!

A Doa Mehfil was organised by the Foundation to pray for the mother of the Executive Director who passed away recently. The Doa Mehfil also prayed for the mother of Advocate Mizanur Rahman and Md. Zillur Rahman, the Hon'ble President of the People's Republic of Bangladesh who passed away recently. One minute silence was also observed in memory of those departed souls.

ইস্টার সানডে ও স্বাধীনতা দিবস উদ্‌যাপন

The HOB and some care staff are seen on the picture cutting cakes to celebrate the Easter Sunday and the Independence and National Day of Bangladesh.

Chair: Professor Alan Lee Williams OBE, Executive Director: Rahman Jilani MPA, MA, DSW. Registered charity: 1116923, Bangladesh NGO Bureau Reg. no 2262

ফটোগ্যালারি

অঙ্কুর প্রকল্পের কার্যক্রম

ডিমেনশিয়া এ্যাওয়ার্নেস প্রকল্পের কার্যক্রম

Chair: Professor Alan Lee Williams OBE, Executive Director: Rahman Jilani MPA, MA, DSW. Registered charity: 1116923, Bangladesh NGO Bureau Reg. no 2262